‘আপনাদের পরামর্শ আমাদের কার্যপ্রণালী পালনের ক্ষেত্রে সহায়তা প্রদান করবে’

মো: সানাউল্লাহ্ রিয়াদ, বরগুনা – ‘জেলা প্রশাসন একটি পুরাতন প্রতিষ্ঠান, সেই প্রাচীনতম প্রতিষ্ঠানে যেহেতু নতুনভাবে একটি দায়িত্ব আমি নিয়েছি। জেলা প্রশাসন যেহেতু জেলার সকল উন্নয়নে কমবেশি যুক্ত থাকে, সুতরাং জেলা প্রশাসনের কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসনের আন্ডারেই থাকে, সেজন্য আমার মনে হয় আপনারা যদি কোন পরামর্শ দেন, সে পরামর্শগুলো আমাদের নিজেদেরই যে কার্যপ্রণালী, সেগুলো পালনের ক্ষেত্রে অনেক সহায়তা প্রদান করবে’।

রোববার (১৫ সেপ্টেম্বর) বিকেল ৫টার দিকে বরগুনার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলম বরগুনা প্রেসক্লাব’র সদস্য ও সহযোগী সদস্যদের সাথে মতবিনিময় সভায় এসব কথা বলেন।

নবাগত জেলা প্রশাসক আরও বলেন- ‘আগে যে চাপটা ছিলো, সেটি আনুষ্ঠানিক অর্থে এখন নেই, জানি না সেই চাপটা আবার কখন চলে আসে! সেই চাপটা যেহেতু নেই, তাই আমি মনে করি যারা সরকারি কর্মকর্তা, যারা সেবা প্রদান করছেন, তারা তাদের সেবাগুলো সঠিকভাবে প্রদান করতে পারবেন। আর সে ক্ষেত্রে সবচেয়ে সহযোগিতা আমরা আপনাদের (সাংবাদিক) কাছে কামনা করি’।

বরগুনার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলম সভার শুরুতে বলেন- ‘১৯৫২ সালের ভাষা আন্দোলন এবং ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধ এবং সর্বশেষ জুলাইয়ের আগস্ট মাসে যে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ৫ই আগস্ট যে নতুন বাংলাদেশ পেয়েছি, সেই নতুন বাংলাদেশ বিনির্মানে এবং ১৯৫২, ৭১ এবং জুলাইয়ের আগস্টে যারা শহীদ হয়েছেন, সকলের আত্মার মাগফিরাত কামনা করছি। পাশাপাশি যারা আহত হয়েছেন, যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাঁদের সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করছি। যারা এই আন্দোলনের পক্ষে যারা ছিলেন, এমন আহত পরিবারকে জেলা প্রশাসনের পক্ষ থেকে সাহায্য-সহযোগিতা করা হবে। ৫ই আগস্টের পরে একটি নতুন পরিবর্তিত পরিস্থিতিতে বর্তমান সরকার চাচ্ছে রাষ্ট্রের একটি মেরামত করতে, রাষ্ট্রটাকে সংস্কার করতে,

রাষ্ট্রটাকে একটা সঠিক পথে আনতে। আর সে ক্ষেত্রে আমার মনে আপনারাই (সাংবাদিক) অগ্রণী ভূমিকা পালন করবেন। আপনারা আমাদের তথ্য দিয়ে সহযোগিতা করবেন।’

তিনি আরও বলেন- ‘মানুষ যেহেতু ভুল করবেই। আর এই প্রতিষ্ঠানগুলোও কিন্তু মানুষ চালায়। এবং এই মানুষগুলো যদি ভুল করে, তবে এই ভুলগুলো ধরিয়ে দেয়া আপনাদের (সাংবাদিক) প্রাথমিক দায়িত্ব। আমিও যদি ভুল করি আমাকেও ধরিয়ে দিবন। ভুলগুলো শোধরানোর একটি সুযোগ দিবেন। যে সকল সরকারি প্রতিষ্ঠান রয়েছে, সবগুলোর কাজই হচ্ছে জনগণকে সেবা দেয়া, যেকোন পর্যায়েই প্রত্যেকটা প্রতিষ্ঠানই জনগণকে সেবা দিয়ে থাকে। তো সেবা দেয়ার জায়গা যেনো মসৃণ থাকে, সুন্দর থাকে এবং মানুষ যেনো গেলে সেবা গ্রহণ করতে পারে। আবার সেই ক্ষেত্রে যদি কোনো প্রতিবন্ধকতা আপনাদের (সাংবাদিক) চোখে পরে, আপনারা অবশ্যই সে প্রতিষ্ঠানকে প্রথমে বলবেন, সেই প্রতিষ্ঠান যদি শোধরাতে না পারে, আমাদের বলবেন, তখন আমরা ওই প্রতিষ্ঠানের সাথে কথা বলব। এর পরবর্তীতে যদি কিছু না হয়, তখন আমরা তাদের দায়দায়িত্ব নিব না। তবে সকলেরই সচেতন হওয়া প্রয়োজন। আমরা যেনো যার যার জায়গা থেকে ছাত্র-জনতার এ আন্দোলনের ফসল যেনো ধরে রাখতে পারি।’

বরগুনার নবাগত জেলা প্রশাসক কর্তৃক সাংবাদিকদের সাথে এ মতবিনিময় সভায় জেলা প্রশাসকের সাথে বরগুনার সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন বরগুনা প্রেসক্লাবের নেতৃবৃন্দ। এসময় জেলা প্রশাসক পর্যটন শিল্প, রাস্তা মেরামত, শিক্ষা ব্যবস্থার উন্নতি সহ এ জেলার সমস্যা ও সম্ভাবনা নিয়ে কাজ করবেন বলে আশ্বাস প্রদান করেন।

নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আলম ২৫তম বিসিএস (প্রশাসন) ক্যাডার। তিনি এর আগে স্থানীয় সরকার বিভাগে কর্মরত ছিলেন।